



সেইফগার্ডিং আচরণ বিধি

পরিদর্শকদের (কনসালটেন্ট, দাতাগোষ্ঠী, পার্টনার্স, বন্ধু) জন্য প্রয়োজ্য

সেন্টার ফর ইনজুরি প্রিভেনশন অ্যান্ড রিসার্চ, বাংলাদেশ (সিআইপিআরবি) হচ্ছে বাংলাদেশের একটি বেসরকারি সংস্থা যা ইনজুরি প্রিভেনশন এর ক্ষেত্রে বিশ্বে নেতৃত্ব দানকারী একটি প্রতিষ্ঠানের নাম। সারা বাংলাদেশে বিভিন্ন গবেষণা এবং উদ্ভাবন প্রবর্তন এর মাধ্যমে প্রতিষ্ঠানটি গুণগতমানসম্পন্ন জীবন রক্ষামূলক এবং ডুবে যাওয়া, পুড়ে যাওয়া, সড়ক দুর্ঘটনা, মাতৃ-স্বাস্থ্য ইত্যাদিসহ বিভিন্ন ইনজুরিজনিত মৃত্যু ও অসুস্থতার বিরুদ্ধে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সিআইপিআরবি-র গবেষণামূলক উদ্ভাবন এর সুদূরপ্রসারী প্রভাব সারা বাংলাদেশে বিস্তৃত যার মাধ্যমে অন্যান্য দেশ বিশেষ করে এশিয়ার অন্যান্য দেশও উপকৃত হচ্ছে যেখানে একইরকম কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে এবং জীবন রক্ষায় ভূমিকা রাখছে।

শিশুদেরকে সব ধরনের শারীরিক এবং মানসিক সহিংসতা, ইনজুরি এবং নির্যাতন থেকে সুরক্ষা প্রদান করা সিআইপিআরবি-র সকল কর্মী, গভর্নিং বডি, পার্টনার, স্পন্সর, স্বেচ্ছাসেবক, কন্ট্রাক্টর, সাপ্লায়ার, দাতাগোষ্ঠী, সাংবাদিক, কনসালটেন্টস এবং অন্যান্য স্টেকহোল্ডারদের দায়িত্ব এবং উক্ত দায়িত্ব পালনে সকলে প্রতিশ্রুতিবদ্ধ।

সিআইপিআরবি-র কার্যক্রমসমূহ, কর্মসূচিসমূহের অগ্রগতি দেখার জন্য কনসালটেন্ট, দাতাগোষ্ঠী, পার্টনার্স, বন্ধুরাসহ অনেক পরিদর্শকরা আসেন এবং কর্মসূচির উন্নয়ন বিষয়ক বিভিন্ন পরামর্শ ও উপদেশ দেন। আমাদের কর্মসূচি বাস্তবায়নাদীন এলাকাগুলোতে শিশুদের জন্য কিছু ঝুঁকি রয়েছে। তাই শিশুদের সুরক্ষা নিশ্চিত করতে এবং সেইসাথে পরিদর্শকরাও যাতে নিরাপদে আমাদের প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করতে পারেন সে লক্ষ্যে সেইফগার্ডিং পলিসি প্রণয়ন করা হয়েছে।

আমরা সিআইপিআরবি-র সেইফগার্ডিং পলিসির প্রধান বিষয়গুলো এখানে তুলে ধরছি, যেখানে শিশুরা নিরাপদে থাকে এবং পরিদর্শকরাও নিরাপত্তা এবং আনন্দের সাথে আমাদের প্রকল্প পরিদর্শন করতে পারেন। এই পলিসির মূল নীতি হচ্ছে **'Do No Harm'**।

পরিদর্শকের জন্য সেইফগার্ডিং আচরণ বিধি

পরিদর্শক হিসেবে যখনই আমি সিআইপিআরবি-তে আসব, আমি সিআইপিআরবি ঢাকা অফিসে জানাবো। সিআইপিআরবি-র প্রকল্প কার্যক্রম পরিদর্শনের সময় আমি কখনোই-

- পরামর্শ বা উপদেশ দেয়ার সময় এমন কোনো ভাষা ব্যবহার করবো না যা অনুপযুক্ত, অশোভন বা অপমানজনক।
- এমন কোনো শারীরিক ভঙ্গি করবো না যা অনুপযোগী বা যৌন উত্তেজনামূলক।
- শিশুদের এমন কোনো ব্যক্তিগত কাজে সহায়তা করতে এগিয়ে যাবো না যা তারা নিজেরাই করতে পারে।
- শিশুদের সাথে এমন ব্যবহার করবো না যা অবৈধ, অনিরাপদ, অপমানজনক বা সংস্কৃতিগত দিক থেকে অনুপযুক্ত।
- শিশুদের লজ্জা দেওয়া, অপমান করা বা মর্যাদাহানির উদ্দেশ্যে কোনো কাজ করবো না অথবা কোনো ধরনের আবেগীয় নির্যাতনমূলক কাজে নিজেকে সম্পৃক্ত করবো না।
- বৈষম্য সৃষ্টি, নির্দিষ্ট কোনো শিশুর প্রতি পক্ষপাতিত্ব বা স্বজনপ্রীতি দেখাবো না।
- শিশুদের সাথে শারীরিক এবং/অথবা যৌন সম্পর্ক স্থাপন করবো না।
- শিশুদের সাথে এমন কোনো সম্পর্ক তৈরি করবো না যাতে কোনোভাবে তা শিশুর জন্য অপমানজনক বা নিজ স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে শিশুটির সাথে সম্পর্ক তৈরি করা হয়েছে বলে মনে হতে পারে।
- কোনো পরিস্থিতিতেই শিশুদের সাথে একা সময় কাটাবো না।

- কোনো শিশুকে তার সমাজ ত্যাগ করতে সহযোগিতা করবো না।
- নিজের সাথে যোগাযোগের জন্য শিশুদের সাথে ব্যক্তিগত তথ্য বিনিময় করবো না।
- নিজের দেশে যাওয়ার জন্য সুযোগ প্রদান বিষয়ে কোনো শিশুকে প্রস্তাব দিবো না।
- শিশু বা তার পরিবারের সাথে সারারাত কাটাবো না।
- সিআইপিআরবি কর্তৃপক্ষের পূর্ব অনুমতি ছাড়া অন্য কোনো ডিজিটরকে কমিউনিটিতে নিয়ে আসবো না।
- সিআইপিআরবি-তে কাজ করার সময় সেন্টারের অভ্যন্তরে অ্যালকোহল গ্রহণ বা তার ব্যবহার অথবা অবৈধ কোনো বস্তু ব্যবহার করবো না।

ফটোগ্রাফি, ভিডিওগ্রাফি এবং অন্যান্য ছবি সম্পর্কিত আচরণ বিধি

- কোনো ভিডিও করা এবং ছবি তোলা পূর্বে শিশু এবং তার বাবা-মা অথবা তত্ত্বাবধানকারীর মৌখিক এবং লিখিত সম্মতি নিতে হবে। ছবি তোলা বা ভিডিও করার আগে অবশ্যই সিআইপিআরবি-র কোনো কর্মীকে জানাতে হবে।
- ছবি এমনভাবে তুলতে হবে এবং ব্যবহার করতে হবে যাতে কোনোভাবেই শিশুর সম্মানহানি বা মর্যাদাহানি না হয়।
- ছবি তোলা আগে নিশ্চিত করতে হবে শিশুটির পোশাক মার্জিত এবং পরিপাটি আছে।
- শিশুর বা তার পরিবারের নিরাপত্তা এবং ব্যক্তিগত গোপনীয়তা নিশ্চিত করতে হবে এবং ইন্টারনেটে ছবি বা ভিডিও ব্যবহার করতে হলে সুনির্দিষ্টভাবে শিশু এবং তার পরিবারের সম্মতি নিতে হবে। কোনোভাবেই তাদের পরিচয় প্রকাশ করা যাবে না।
- প্রাতিষ্ঠানিক উদ্দেশ্য ছাড়া ব্যক্তিগত স্বার্থে শিশুদের ছবি ব্যবহার করা যাবে না।

উল্লেখ্য যে, পরিদর্শকের স্বাক্ষরিত সেইফগার্ডিং আচরণ বিধি এক (০১) বছর পর্যন্ত কার্যকর থাকবে। উপরোক্ত আচরণ বিধিসমূহের ব্যাপারে কোনো প্রশ্ন থাকলে বা সেইফগার্ডিং সম্পর্কিত কোনো রিপোর্টিং এর ক্ষেত্রে সিআইপিআরবি-র নিম্নোক্ত প্রতিনিধির সাথে যোগাযোগ করুন।

নাম : সংগীতা বড়ুয়া
 পদবী : ডেপুটি ম্যানেজার-এইচ আর অ্যান্ড সেইফগার্ডিং
 ই মেইল : sangeeta@ciprb.org